

পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি [Terms of Reference (TOR)]

“নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্প নিবিড়
পরিবীক্ষণ (In-depth Monitoring)



পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৫
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের রাজস্ব বাজেটের আওতায় ২০২২-২০২৩ অর্থবছরে “নরসিংদী জেলা কারাগার নির্মাণ” শীর্ষক প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনার নিমিত্ত পরামর্শক প্রতিষ্ঠান নির্বাচন (নির্ধারিত বাজেট):

১.০ পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (TOR):

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- (১২) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- (১৩) নির্বাচিত পরামর্শক প্রতিষ্ঠান মাঠ পর্যায়ে যে সকল FGD, KII সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (ন্যূনতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;
- (১৪) প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৫) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

২

২.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার	<ul style="list-style-type: none"> সামাজিক বিজ্ঞান/বিজ্ঞান/ ব্যবসা অনুরূপ বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী। প্রকল্প ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা উচ্চতর ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে। 	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; টিম লিডার হিসেবে কমপক্ষে ১ (এক)টি পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা এবং প্রতিবেদন প্রণয়ন করার অভিজ্ঞতা; গবেষণা পদ্ধতি, নমুনা সংগ্রহ, প্রশ্নমালা তৈরি, বিভিন্ন ধরনের পরিসংখ্যানগত বিশ্লেষণ ইত্যাদি বিষয়ে জ্ঞান; পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ-২০০৬) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর-২০০৮) এর বিষয়ে প্রশিক্ষণ ও অভিজ্ঞতা;
	খ) প্রকিউরমেন্ট স্পেশালিস্ট	ইঞ্জিনিয়ারিং ফিল্ডস/ অর্থনীতি/ সমাজবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রি	পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কমপক্ষে ৫ বছরের কাজ করার অভিজ্ঞতা। এছাড়া e-GP অনুযায়ী কাজ করার অভিজ্ঞতা;
	গ) সিভিল ইঞ্জিনিয়ার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক। এ বিষয়ে উচ্চতর ডিগ্রীধারীকে অগ্রাধিকার দেয়া হবে।	<ul style="list-style-type: none"> পূর্ত কাজে ০৭ বছরের অভিজ্ঞতা। কমপক্ষে ১ টি (একটি) প্রকল্পের পরিবীক্ষণ ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা; সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

৩.০ বর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১)	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৪ দিনের মধ্যে	
২)	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৬০ দিনের মধ্যে	
৩)	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৮ দিনের মধ্যে	
৪)	ওয়ার্কশপের সুপারিশের আলোকে Draft Final Report	চুক্তি সম্পাদনের ৮০ দিনের মধ্যে	
৫)	চূড়ান্ত প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	

০৪। আইএমইডি কর্তৃক প্রদেয়ঃ

(ক) অনুমোদিত ডিপিপি/আরডিপিপি;

(খ) সংশ্লিষ্টদের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে সহযোগিতা প্রদান।

৯

৫.০ প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ:

১.	প্রকল্পের নাম	:	নরসিংদী জেলা কারাগার নির্মাণ	
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ	
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	কারা অধিদপ্তর	
৪.	প্রকল্প এলাকা	:	নরসিংদী সদর, নরসিংদী।	
৫.	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	মূল	সংশোধিত
	ক)মোট	:	৩২৬৯৮.৪৩	-
	খ)জিওবি	:	৩২৬৯৮.৪৩	-
	গ)প্রকল্প সাহায্য	:	-	-
৬.	বাস্তবায়নকাল	:	মূল	সংশোধিত
	ক)আরম্ভ	:	সেপ্টেম্বর ২০১৯	সেপ্টেম্বর ২০১৯
	খ)সমাপ্তি	:	জুন ২০২২	জুন ২০২৪
৭.	প্রকল্পের উদ্দেশ্য:	:	<ul style="list-style-type: none"> আধুনিক সুযোগ সুবিধা সম্পন্ন এবং নতুন জেলা কারাগার নির্মাণ; সরকারের সর্বশেষ দিক নির্দেশনা মোতাবেক তথ্য প্রযুক্তির সন্নিবেশন; কারা বন্দিদের জন্য সর্বোচ্চ নিরাপদ আটক নিশ্চিতকরণ; কারা কর্মকর্তা/কর্মচারীদের জন্য একক ও পারিবারিক বাসস্থান নির্মাণ। 	
৮.	প্রধান প্রধান কার্যক্রম	:	<ul style="list-style-type: none"> ভূমি উন্নয়ন:৩,২৪,৭৮৯.১৮ ঘনমিটার; বিচারার্থীন বন্দি ব্যারাক (পুরুষ) নির্মাণ: ২টি ৯৮০৭ বর্গমিটার (০৬ তলা বিশিষ্ট); সাজাপ্রাপ্ত বন্দি ভবন: ১টি ৪৯০৪ বর্গমিটার (৬তলা বিশিষ্ট); পুরুষ শ্রেণি প্রাপ্ত বন্দি ব্যারাক: ১টি ১০০০ বর্গমিটার (৪তলা বিশিষ্ট); ১০০ শয্যা বিশিষ্ট পুরুষ বন্দি হাসপাতাল: ৫৩৩৪ বর্গমিটার (৫তলা বিশিষ্ট); মানসিক সমস্যায় আক্রান্ত বন্দি ব্যারাক: ১টি ৪৮৬ বর্গমিটার (২তলা বিশিষ্ট); মহিলা বিচারার্থীন বন্দি ভবন: ১টি (৫তলা বিশিষ্ট); মহিলা বন্দি সেল: ১টি (২তলা বিশিষ্ট); মহিলা শ্রেণিপ্রাপ্ত ও কিশোরী বন্দি ভবন: ১টি (৪তলা বিশিষ্ট); সাক্ষাৎকার রুম: ১টি (৩তলা বিশিষ্ট); প্রশাসনিক ভবন: ১টি (৩ তলা বিশিষ্ট); ব্যাচেলর অফিসার্স কোয়ার্টার: ১টি (৩ তলা বিশিষ্ট); ১২৫০ বর্গফুট, ১০০০,৮০০ বর্গফুট আয়তনের ১টি করে ৫ তলা বিশিষ্ট কোয়ার্টার এবং ৬৫০ বর্গফুট আয়তনের ১০তলা বিশিষ্ট ০২টি আবাসিক কোয়ার্টার নির্মাণ; এবং দর্শনার্থীদের অপেক্ষাগার: ১টি ২১৩ বর্গমিটার ইত্যাদি। 	


 ২৭/০৭/২০২২
 মোঃ মশিউর রহমান খান মিলুন
 সহকারী পরিচালক
 বাস্তবায়ন পরিদপ্তর ও মূল্যায়ন বিভাগ
 পরিদপ্তর মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার